



207972 - নগদ অর্থে যাকাত হিসাব করার পদ্ধতি

প্রশ্ন

আমার কাছে ১০,০০০ রিয়াল আছে। এই অর্থে বর্ষপূর্তি হয়েছে। এই সম্পদে যাকাতের পরিমাণ কতটুকু?

প্রায় উত্তর

আলহামদু লিল্লাহ।

নগদ অর্থে যাকাতের পরিমাণ হলো: চল্লিশি ভাগে এক ভাগ। সংখ্যায়: ২.৫% কথিবা এক হাজারে ২৫ রিয়াল।

নগদ অর্থে যাকাত হিসাব করার পদ্ধতি হলো: আপনি প্রতি ১০০০ রিয়ালকে ২৫ রিয়াল যাকাত পরিশোধ করবেন।
যদি ১০,০০০ রিয়াল হয় তাহলে এর যাকাত হবে: ২৫০ রিয়াল।

আপনি যাকাত পরিশোধযোগ্য সম্পদকে ৪০ দিয়ে ভাগ করতে পারেন। এই বিভাজনে ভাগফলই আপনার উপর আবশ্যিকীয় যাকাতের অংক।

পূর্বোক্ত পদ্ধতির আলোকে আপনি যদি ১০,০০০ রিয়ালকে ৪০ দিয়ে ভাগ করেন তাহলে ভাগফল হবে ২৫০ রিয়াল। এটাই আপনার সম্পদের যাকাত।

আরও জানতে দেখুন: [2795](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞঃ।